গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd;যুউঅ.বাংলা

# যুব উন্নয়ন অধিদপ্তরের ইনোভেশন টিমের ৪০তম সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ এরশাদ-উর-রশীদ
পরিচালক(দাঃবিঃওঋণ) এবংইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ ।

তারিখ ও সময় : ২০ ফেব্রুয়ারী ২০১৯খ্রিঃ ; বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হয়েছে ।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। টিমের সদস্য-সচিব জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সভাপতির অনুরোধক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। সভাকে অবহিত করা হয় যে, জানুয়ারি ২০১৯ মাসের কার্যবিবরণী ইনোভেশন কর্ণারে আপলোড করা হয়েছে এবং সিদ্ধান্ত সমূহ অবহিতকরণ ও বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয় সহ সকল সদস্য-কে ই-মেইলে প্রেরণ করতঃ তা এসএমএস মারফত অবহিত করা হয়েছে। সভায় কর্মপরিকল্পনা বাস্তবায়ন মূল্যায়ন কাঠামোর (২০১৮-২০১৯) ভিত্তিতে অগ্রগতি পর্যালোচনা ও সুপারিশ গৃহীত হয় যা নিম্নরুপ-

| নং | উদ্দেশ্য | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ প্রণয়ন পূর্বক সংশ্লিষ্ট স্থানে পাঠানো হয়েছে। | - | - |
| ২ | ইনোভেশন টিমের সভা | ইনোভেশন টিমের সভা আহবানে নম্বর পদ্ধতি চালু থাকায় নিয়মিত সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | সদস্য-সচিব জানান যে, যথারীতি সভা অনুষ্ঠিত হচ্ছে এবং চলতি বছরে ০৭টি সভা অনুষ্ঠিত হয়েছে; | - |
| ৩ | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধি | ক) দেশের অভ্যন্তরে শিক্ষা সফর, ০১ ও ০২ দিনের কর্মশালা, ০২ ও ০৫ দিনের প্রশিক্ষণ আয়োজন বিষয়ে আলোচনা হয়। এ প্রেক্ষিতে জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সভাকে জানান যে,<br><br>১। দেশের অভ্যন্তরে শিক্ষা সফরের অফিস আদেশ জারী করা হয়েছে।<br><br>২। ৩৬ জন (১২+২৪) মেন্টর-মেন্টির ০১ দিনের কর্মশালা গত ১৩/০২/২০১৯খ্রিঃ অনুষ্ঠিত হয়েছে। | জনাব এ, কে, এম মফিজুল ইসলাম, উপপরিচালক (দাঃবিঃ ও ঋণ) কে এক দিনের কর্মশালা সুষ্ঠভাবে সম্পন্ন করায় তাঁকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এক দিনের কর্মশালার রিপোর্ট দ্রুত উপস্থাপনের সিদ্ধান্ত নেয়া হয়। | জনাব এ,কে,এম মফিজুল ইসলাম, উপপরিচালক। |
| | | খ) জনাব মোঃ আতিকুর রহমান, উপপরিচালক (বাস্তবায়ন) জানান যে, তাঁর দায়িত্বের সম্পাদনযোগ্য ২ দিনের প্রশিক্ষণ ও ১ দিনের কর্মশালা ১৫ মার্চ/২০১৯ এর ভিতর শেষ করবেন। | ০২ দিনের কর্মশালা এবং ০২ ও ০৫ দিনের প্রশিক্ষণ মার্চ/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে আয়োজন নিশ্চিত করা; | জনাব মোঃ আতিকুর রহমান উপপরিচালক (বাস্তবায়ন) |
| | | গ) জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন, উপপরিচালক (পরিকল্পনা) জানান যে, তাঁর দায়িত্বে সম্পাদনযোগ্য ৫ দিনের প্রশিক্ষণের জন্য ৩০ জন প্রশিক্ষণার্থীর খসড়া তালিকা ইতোমধ্যে পেশ করা হয়েছে। ১৭-১৮ মার্চ/২০১৯খ্রিঃ তারিখে প্রশিক্ষণ শুরু করা যাবে। | নির্ধারিত তারিখে সকল প্রশিক্ষণের জন্য A2i এর সাথে যোগাযোগ করে রিসোর্স পারসন ঠিক করার ব্যবস্থা নিতে হবে। | জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন উপপরিচালক (পরিকল্পনা) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | স্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা/ উদ্যোগ আহবান, যাচাই-বাছাই সংক্রান্ত কার্যক্রম | সদস্য-সচিব জানান যে, চলতি মাসে কোন উদ্ভাবনী ধারণা/উদ্যোগ পাওয়া যায় নাই। | ইতোপূর্বে প্রাপ্ত প্রস্তাব সমূহ গ্রহনযোগ্য না হলেও যারা প্রস্তাব পাঠিয়েছেন তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন ও উদ্ভাবনী ধারণা সঠিকভাবে প্রেরণের লক্ষ্যে পুনরায় অধিক সমৃদ্ধ গাইড লাইন দিয়ে আরও ১টি পত্র দেয়া; | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি) |
| ৫ | উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং | আলোচনায় হয় যে ৪টি উদ্ভাবনী উদ্যোগ পাইলটে থাকলেও মেন্টর-মেন্টিগণের সক্রিয়তা না থাকায় পাইলটিং শেষ হচ্ছে না। | পাইলট বাস্তবায়নে মেন্টরগণ সক্রিয় হবেন এবং মাঠ পর্যায়ের পাইলটিং ১০/০৩/২০১৯ তারিখের মধ্যে সমাপ্তকরতঃ সমাপনী প্রতিবেদন সংগ্রহপূর্বক ফলাফল বিশ্লেষন করা; | মেন্টর (সকল) |
| ৬ | ইনোভেশন শোকেসিং | চলমান ৪টি উদ্যোগ এবং ই-লার্নিং কন্টেন্ট দিয়ে ১টি শো-কেসিং আয়োজনের বিষয়ে ব্যাপক আলোচনা হয়। | এপ্রিল/২০১৯ এর মধ্যে শোকেসিং করার জন্য মেন্টর ও উপপরিচালক (প্রশিক্ষণ-১) কে প্রস্তুতি নিতে অনুরোধ জানানো হয়; | জনাব মাসুদা আকন্দ উপপরিচালক (প্রশিক্ষণ-১) ও ৪টি আইডিয়া বাস্তবায়নের সাথে যুক্ত মেন্টরগণ |
| ৭ | উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে বাস্তবায়ন | "বেকারমুক্ত গ্রাম সৃজন" জাতীয় পর্যায়ে (প্রতি জেলার ১টি করে গ্রামে বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। | প্রেরিত ডিপিপি নিয়ে মন্ত্রণালয়ে ২টি সভা হয়েছে। কিন্তু অগ্রগতি নাই; | জনাব সৈয়দ আবদুল কাইয়ুম উপপরিচালক (পরিকল্পনা) |
| ৮ | ইনোভেশন মেন্টরিং | বিগত সভায় মেন্টর ও মেন্টিগণের সমন্বয়ে ১ দিনের কর্মশালা অনুষ্ঠিত হয়েছে বিধায় মেন্টরগণের স্ব স্ব মেন্টিদের সাথে সক্রিয়ভাবে কাজ করার সুযোগ তৈরী হয়েছে। | মেন্টিগণের সাথে নিবিড় যোগাযোগ সাপেক্ষ্যে ১০/০৩/২০১৯ মাসের মধ্যে অবশ্যই পাইলটিং শেষ করতঃ সমাপনি প্রতিবেদন সহ মেন্টরের পর্যালোচনা ও মূল্যায়ন প্রস্তুত করা। | মেন্টর (সকল) |
| ৯ | স্বীকৃতি বা প্রণোদনা প্রদান | এ বিষয়ে ১টি নীতি প্রনীত রয়েছে। তৎভিত্তিতে চলতি বছরে প্রণোদনা প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ফেব্রুয়ারী/২০১৯ মাসের মধ্যে প্রণোদনা প্রদানের বিষয়ে বিজ্ঞপ্তি জারীর ব্যবস্থা নেয়া; | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি) |
| ১০ | ইনোভেশন খাতে বরাদ্দ | সদস্য-সচিব জানান যে, উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ এর প্রতিটি এজেন্ডা বাস্তবায়ণের জন্য সর্বমোট ২০,২৮,৯৪৭/- (বিশ লক্ষ আটাশ হাজার নয়শত সাতচল্লিশ) টাকার বাজেট বিভাজন প্রণয়ন করা হয়েছে এবং তা অর্থশাখায় অগ্রায়ন পূর্বক যোগাযোগ করা হয়েছে এবং বরাদ্দ প্রাপ্তির আশ্বাস রয়েছে। | ১। উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ এ এজেন্ডা বাস্তবায়নের জন্য পেশকৃত বাজেট বিভাজন মোতাবেক অর্থ প্রাপ্তির লক্ষ্যে অর্থ শাখার সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>২। একইসাথে আগামী আগামী বছরের চাহিদা ও প্রস্তুত করতে হবে; | কর্মশালা, প্রশিক্ষণ এবং শোকেসিং এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ |
| ১১ | পার্টনারশীপ ও নেটওয়ার্কিং | সদস্য-সচিব জানান যে, অত্র এজেন্ডার মূল্যায়নে নম্বর থাকায় বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা প্রয়োজন। আলোচনায় সকলে একমত হন যে, নারায়নগঞ্জের জনাব আরিফ মিহির (জাতীয় যুব পুরস্কার প্রাপ্ত) এর সংগঠনের সাথে এ বিষয়ে যোগাযোগ করা উচিত হবে। | উপপরিচালক (বাস্তবায়ন), একটি সংগঠন এর সাথে যোগাযোগের ব্যবস্থা নেবেন; | জনাব মোঃ আতিকুর রহমান উপপরিচালক (বাস্তবায়ন) |
| ১২ | ইনোভেশন সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ | আলোচনা হয় যে, পূর্বেকার যে সকল তথ্য ইনোভেশন কর্নারে আপলোড করা হয় নাই তা শীগ্রই আপলোড করতে হবে। | তথ্য বাতায়নের ইনোভেশন কর্নারে সকল তথ্য হালনাগাদ করা; | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি) |
| ১৩ | ই-সেবা তৈরি ও বাস্তবায়ন | ক) জনাব ফরহাত নূর, উপপরিচালক (প্রশিক্ষণ-২) জানান যে, যুব সংগঠন নিবন্ধনকরণের লক্ষ্যে প্রণীত সফটওয়্যার বিষয়ে ওরিয়েন্টশন কোর্স প্রধান কার্যালয়ে করার জন্য সময় চেয়ে নথি পাঠানো হয়েছে। | যথাসময়ে ওরিয়েন্টেশন আয়োজন এবং পাইলটিং শুরুর কার্যকর ব্যবস্থা নেয়; | জনাব ফরহাত নূর উপপরিচালক (প্রশিক্ষণ-২) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | খ) আলোচনায় জানা যায় যে, ঋণ কার্যক্রমকে ই-সেবায় রূপান্তরের লক্ষ্যে প্রনীত সফটওয়্যারটি ব্যবহার বিষয়ে কুষ্টিয়া ও মানিকগঞ্জ জেলার অবশিষ্ট সকল উপজেলার কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ শেষ হয়েছে। ইতোমধ্যে এ দুটি জেলার সকল উপজেলায় কার্যক্রম শুরু হয়েছে। | খ) নতুন উপজেলায় সম্প্রসারিত কার্যক্রম নিবীড়ভাবে মনিটরিং করা; | জনাব মোঃ হামিদুর রহমান উপ-পরিচালক (দাঃবিঃওঋণ) |
| ১৪ | সেবা পদ্ধতি সহজিকরণ | ঋণ কার্যক্রমকে সহজীকরণের লক্ষ্যে একটি টিমকে সম্প্রতি A2i হতে কক্সবাজারে প্রশিক্ষণ দিয়েছে এবং অধিদপ্তরে সেবা সহজীকরণ টিম গঠন করা হয়েছে। | গঠিত টিমকে দ্রুত ঋণ সেবা সহজীকরণ করে কর্তৃপক্ষ সমীপে পেশ করতে অনুরোধ করা হলো; | এস,পি,এস (SPS) টিমের সকল সদস্য। |
| ১৫ | সোস্যাল মিডিয়ার ব্যবহার | ক) জনাব মোঃ জিয়াউর রহমান, প্রশিক্ষক (ইলেকট্রনিক্স) বলেন চলতি মাসে ফেসবুকে কোন অভিযোগ বা জিজ্ঞাস্য তথ্য পাওয়া যায় নাই। সকল কার্যক্রমের ছবি নিয়মিত আপলোড করা হচ্ছে।<br><br>খ) ফেসবুক পেজের ইউজার আইডি ও পাসওয়ার্ড তিন জন কর্মকর্তাকে ব্যবহারের বিষয়ে আলোচনা হয়। | ক) নন অফিসিয়াল বিষয় ফেসবুক পেজে আপলোড না করা এবং জনাব মোঃ জিয়াউর রহমান, প্রশিক্ষক (ইলেকট্রনিক্স) প্রতি মাসে প্রাপ্ত সকল বিষয়ের পোষ্ট হতে গুরুত্বপূর্ণ ০৫টি পোস্ট প্রিন্ট করে পরবর্তী সভা হতে নিয়মিত উপস্থাপন করবেন। এখন থেকে তিনি শুধুমাত্র আইটি সংক্রান্ত পোস্টের জবাব দিবেন।<br><br>খ) ফেসবুক পেজের ইউজার আইডি ও পাসওয়ার্ড ১) জনাব শাহীনূর রহমান, সহকারী পরিচালক (দাঃবিঃ ও ঋণ), ২) জনাব খন্দকার মোঃ রওনকুল ইসলাম, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) এবং ৩) জনাব ফরহাত নূর, উপপরিচালক (প্রশিক্ষণ) কে ব্যবহারের জন্য প্রদানের সিদ্ধান্ত হয়। এক্ষেত্রে অফিসিয়াল ফেসবুক পেজের নিরাপত্তা বিধান ও নীতিমালা বহিঃর্ভূত আপলোড বিষয়ে সতর্ক থাকতে পরামর্শ প্রদান করা হয়। তিন জন কর্মকর্তা নিয়মিত নিজ নিজ শাখা সংশ্লিষ্ট পোস্ট সমূহের জবাব প্রদান করবেন। | জনাব মোঃ জিয়াউর রহমান প্রশিক্ষক (ইলেকট্রনিক্স)<br><br>জনাব ফরহাত নূর উপপরিচালক (প্রশিক্ষণ)<br><br>জনাব শাহীনূর রহমান সহকারী পরিচালক (দাঃবিঃ ও ঋণ)<br><br>জনাব খন্দকার মোঃ রওনকুল ইসলাম সহকারী পরিচালক (প্রশিক্ষণ) |

কর্মপরিকল্পনা অনুযায়ী দ্রুততম সময়ের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ এজেন্ডা বাস্তবায়নে নিজ নিজ দায়িত্ব প্রতিপালনে আন্তরিক হবেন বলে সভাপতি আশাবাদ প্রকাশ করেন। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

০৩/০৬/১৯

(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail: dirpa@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৩.১৬-৯৫

তারিখঃ ০৬/০৩/২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। জনাব----------------------------------------------- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। সংশ্লিষ্ট নথি ।

০৬/০৩/২০১৯

(সালেহ্ উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক(আইসিটি)
ও
সদস্য-সচিব
ইনোভেশন টিম
ফোনঃ ৯৫৮৬৮৯৮
e-mail: adict@dyd.gov.bd

## পরিশিষ্ট "ক"

২০/০২/২০১৯খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব মাসুদা আকন্দ<br>উপপরিচালক (প্রশিক্ষণ-১) | স্বাক্ষরিত |
| ২. | জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন<br>উপপরিচালক(চঃদাঃ) (পরিকল্পনা) | স্বাক্ষরিত |
| ৩. | জনাব মোঃ আতাউর রহমান<br>সহকারী পরিচালক (শৃংখলা) | স্বাক্ষরিত |
| ৪. | জনাব মোঃ শাহীনুর রহমান<br>সহকারী পরিচালক (দাঃবিঃওঋণ) | স্বাক্ষরিত |
| ৫. | জনাব ফরহাত নূর<br>উপপরিচালক(চঃদাঃ) (প্রশিক্ষণ-২) | স্বাক্ষরিত |
| ৬. | জনাব খন্দকার মোঃ রওনকুল ইসলাম<br>সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | স্বাক্ষরিত |
| ৭. | জনাব আতিকুর রহমান<br>উপপরিচালক(চঃদাঃ) (বাস্তবায়ন) | স্বাক্ষরিত |
| ৮. | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ<br>সহকারী পরিচালক (আইসিটি) | স্বাক্ষরিত |
| ৯. | জনাব মোঃ জিয়াউর রহমান,<br>প্রশিক্ষক (ইলেকট্রনিক্স) (কো-অপ্ট সদস্য) | স্বাক্ষরিত |